

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.২০০.৬৪.০২১.২০(অংশ-২) - ৭৫


তারিখ: ২৭ মাঘ ১৪২৭
২০ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: ৩৮তম বি.সি.এস. থেকে নন-ক্যাডার ১ম শ্রেণির [৯ম গ্রেড] পদে সাময়িকভাবে সুপারিশপ্রাপ্ত প্রার্থী মোঃ ফিরোজ মাহমুদ রেজিস্ট্রেশন নম্বর-০৪৬৩৯২ এর সাময়িক সুপারিশ বাতিল।

উপর্যুক্ত বিষয়ে ২৯.১২.২০২০ খ্রিঃ তারিখে জারীকৃত ৮০.০০.০০০০.২০০.৬৪.০২১.২০(অংশ-২)-২৩২ নম্বর প্রেস বিজ্ঞপ্তিতে ৩৮তম বি.সি.এস. এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশ প্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য হতে তথ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এর সহকারী পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ) পদে মোঃ ফিরোজ মাহমুদ, রেজিঃ নম্বর ০৪৬৩৯২ কে কর্ম কমিশন কর্তৃক সুপারিশ করা হয়। উল্লেখ্য, উক্ত পদের নিয়োগবিধি অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ:

বাংলা, ইংরেজি, ইতিহাস, সংস্কৃতি, সমাজ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান অথবা লোক প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণির (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি; তবে শিল্প সাহিত্য, নাটককলা, সংগীত বা চলচ্চিত্রায়ণ কর্মে পেশাগত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

২. বর্ণিতাবস্থায়, সহকারী পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ) পদের শিক্ষাগত যোগ্যতার সাথে জনাব মোঃ ফিরোজ মাহমুদ রেজিঃ নম্বর ০৪৬৩৯২ এর শিক্ষাগত যোগ্যতার মিল না থাকায় ২৯.১২.২০২০ খ্রিঃ তারিখে জারীকৃত প্রেস বিজ্ঞপ্তির ০২ নম্বর অনুচ্ছেদে বর্ণিত শর্তানুযায়ী উক্ত পদে তাকে প্রদত্ত সাময়িক সুপারিশ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হলো।




নূর আহমদ
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]

নম্বর- ৮০.০০.০০০০.২০০.৬৪.০২১.২০(অংশ-২) - ৭৫

তারিখ: ২৭ মাঘ ১৪২৭
২০ ফেব্রুয়ারি ২০২১

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর [পিআইডি], ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাকে অনুরোধ করা যাচ্ছে]। প্রেস বিজ্ঞপ্তির ৪টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
২. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা [বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা যাচ্ছে]।
৩. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা [বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা যাচ্ছে]।
৪. বার্তা সম্পাদক,
বিষয়টি আপনার চ্যানেল-এ সফল নিউজ হিসেবে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
[কমিশনের ওয়েবসাইটে প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য তাকে অনুরোধ করা হলো]।
৬. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় [তাকে প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো]।



নূর আহমদ
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]